আলমডাঙ্গার গোপীবল্লভপুর গ্রামের যুবলীগ নেতা টুটুল আর নেই

আলমডাঙ্গা উপজেলার গোপীবল্লভপুর গ্রামের টুটুল হোসেন আর নেই। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৪ বছর। তিনি দীর্ঘদিন ধরে হৃদরোগে আক্রান্ত ছিলেন।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের গোপীবল্লভপুর গ্রামের সাবেক ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক প্রয়াত গোপাল দফাদারের ছেলে টুটুল হোসেন আওয়ামী যুবলীগের একজন সক্রিয় সদস্য ছিলেন।

তিনি আজ ২৯ মার্চ রোববার সন্ধ্যায় স্ট্রোকজনিত কারণে মৃত্যুবরণ করেন।

আগামীকাল ৩০ মার্চ সোমবার বেলা ১২টায় গ্রামের কবরস্থানে নামাজে জানাজা শেষে তার দাফন সম্পন্ন হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

আলমডাঙ্গার জেহালায় সাবেক যুবলীগ নেতা আটক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় জেহালা ইউনিয়ন যুবলীগের সাবেক এক নেতাকে আটক করেছে আলমডাঙ্গা থানা পুলিশ।

গতকাল শুক্রবার রাতে নিজ বাড়ি থেকে মো. সোহেল তিতুমীর (৪৫) নামের ওই ব্যক্তিকে আটক করা হয়। তিনি আলমডাঙ্গা উপজেলার ৭ নম্বর জেহালা ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ছিলেন। সোহেল তিতুমীর জেহালা বাবুপাড়া গ্রামের মো. সুজা উদ্দিনের ছেলে।

পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যায় আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করে।

থানা সূত্রে জানানো হয়েছে, প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে শনিবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

এ বিষয়ে আলমডাঙ্গা থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে এবং অপরাধের সঙ্গে জড়িত কাউকেই ছাড় দেওয়া হবে না।

মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি সাজ্জাদুল আনাম সাজেদুল আটক

রাজধানী ঢাকার পল্লবী ১২ নম্বর রেসিডেন্সিয়াল এলাকায় বিশেষ অভিযানে মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি সাজ্জাদুল আনাম সাজেদুল আটক করেছে র্যাব-৪ ও পুলিশ।

বুধবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত যৌথভাবে পরিচালিত এ অভিযানে তাকে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, সাজ্জাদুল ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগে তদন্ত চলমান রয়েছে। তবে তার বিরুদ্ধে নির্দিষ্ট কোনো মামলার বিস্তারিত তথ্য এখনো প্রকাশ করা হয়নি। আটকের পর তাকে স্থানীয় থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

র্যাব জানায়, সাজ্জাদুল আনাম সাজেদুলের বিরুদ্ধে কিছু গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এই অভিযান পরিচালিত হয়েছে। তবে তদন্তের স্বার্থে বিস্তারিত তথ্য আপাতত প্রকাশ করা সম্ভব নয়।

গাংনীতে ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদকসহ গ্রেফতার ৩

মেহেরপুরের গাংনীতে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদকসহ ৩ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল রবিবার রাত থেকে আজ সোমবার ভোর পর্যন্ত গাংনী থানা পুলিশ এ অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের মোঃ আজিজুল হকের ছেলে
ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ আলেহীম (৪৫), বাহাগুন্ডা গ্রামের মোঃ ওমর ফারুকের ছেলে মোঃ কাওছার (৪৯) এবং পাবনা সদর আটুয়া গ্রামের মৃত মোহাম্মদ আলীর ছেলে মোঃ রুহুল আমীন (৩৫)।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

ঝিনাইদহ জেলা যুবলীগের আহ্বায়ক ও ছাত্রলীগের সাবেক সভাপতি গ্রেপ্তার

ঝিনাইদহ জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন ও নিষিদ্ধ ছাত্রলীগের সাবেক সভাপতি ও বর্তমান জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক শাকিল আহমেদকে ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে।

গতকাল শনিবার (২৩ আগস্ট) বিকালের দিকে ঢাকার পান্থপথের একটি চায়ের দোকান থেকে মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দল তাদের গ্রেপ্তার করে। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

আব্দুল্লাহ আল মামুন এ তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, যুবলীগ নেতা আশফাক মাহমুদ জন ও সাবেক ছাত্রলীগ নেতা শাকিল আহমেদকে একসঙ্গে একই স্থান থেকে গ্রেপ্তার করা হয়।

উল্লেখ গত ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে তারা দুইজনই পলাতক ছিলেন। তাদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় শিবির কর্মী ইবনুল পারভেজ হত্যা মামলা ও গতবছরের ৪ আগস্ট বিএনপি কার্যালয় ও জেলা বিএনপি’র সভাপতির বাসায় হামালা ও অগ্নিসংযোগ মামলাসহ একাধিক মামলা রয়েছে। তিনি আরও বলেন তাদেরকে আইনি প্রক্রিয়ায় কোর্টে হস্তান্তর করা হবে।

গাংনীর কাথুলি ইউনিয়ন যুবলীগের নেতা সোহেল রানা আটক

গাংনী উপজেলার খাঁসমহল গ্রামের যুবলীগ নেতা সোহেল রানাকে আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল রবিবার বিকালে গাংনী থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন।

সোহেল রানা খাঁসমহল গ্রামের আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য ইকরাম হোসেনের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, সোহেল রানাকে আটক করে থানায় নেয়া হয়েছে। তবে নে যুবলীগের কোন পদের নেতা জানা যায়নি। তার পুরো তথ্য সংগ্রহ চলছে।

তবে, একটি অসমর্থিত তথ্যে জানা গেছে, সোহেল রানা যুব লীগের কাথুলি ইউনিয়ন কমিটির সাধারণ সম্পাদক।

মেহেরপুরের সাবেক পৌর মেয়র রিটনের একদিনের রিমান্ড

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনকে কারাগারে পাঠানো হয়েছে।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুরে কড়া নিরাপত্তার মধ্যে তাকে মেহেরপুর কারাগারে পাঠানো হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দায়ে দায়েরকৃত একটি মামলায় সম্প্রতি তাকে ঢাকা পুলিশ রাজধানী থেকে আটক করে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে রিটনকে হাজির করা হয়।

আদালতে শুনানিকালে পুলিশের পক্ষ থেকে রিটনের সাত দিনের রিমান্ড আবেদন করা হয়। যুক্তিতর্ক শেষে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নাসির উদ্দিন ফারাজী তাকে এক দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে, অপর একটি মামলায় বুড়িপোঁতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য শাহজামানকে আদালতে হাজির করা হয়।

মেহেরপুরে আওয়ামী লীগ, ছাত্রলীগ ও যুবলীগের ৬ জন

গ্রেফতার

মেহেরপুরের তিনটি থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে আওয়ামী লীগ, ছাত্রলীগ (নিষিদ্ধ ঘোষিত) ও যুবলীগের ছয়জন নেতাকর্মীকে গ্রেফতার করেছে।

শনিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব নেতাকর্মীকে গ্রেফতার করে।
এর মধ্যে গাংনী থানা পুলিশ ৪ জন, মুজিবনগর ও সদর থানা পুলিশ একজন করে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম, একই ইউনিয়নের ওয়ার্ড কৃষকলীগের সভাপতি আল মামুন, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুল হক, আওয়ামী লীগ নেতা আবুল বাশার, মেহেরপুর শহরের আওয়ামী লীগ নেতা অঙ্কুর হোসেন এবং মুজিবনগরের মোনাখালি ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শেখ আবু সাঈদ।

পুলিশ জানিয়েছে, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে সন্ত্রাস দমন আইনে মামলা রয়েছে।
আজ রবিবার দুপুরে তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ শুক্রবার দুপুরের দিকে তার উত্তরপাড়ার বাড়িতে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তবে, কি মামলায় গ্রেফতার করা হয়েছে এখনো জানাননি তিনি। তার

বিরুদ্ধে মামলাগুলো যাচাই বাছাই করার পর সিদ্ধান্ত নেয়া হবে বলে জানান ওসি।

যুবলীগ নেতা শফি কামাল পলাশ গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রভাষক।

জানা গেছে, জুলাই আগষ্ট বিপ্লবের পর শফি কামাল পলাশ দীর্ঘদিন গা ঢাকা দিয়ে চলছিলো। তার বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর হামলাসহ বেশ কয়েকটি মামলা হয়েছে।

শফি কামাল পলাশ বর্তমানে গাংনী থানা পুলিশের হেফাজতে রয়েছেন।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক পেরেশান গ্রেফতার

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানকে গ্রেফতার করেছে ঢাকা গোয়েন্দা পুলিশের একটি টিম।

মঙ্গলবার রাতে ঢাকা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

পেরেশানের চাচাত ভাই রেজাউর রহমান নান্নু জানান, ঢাকা থেকে তাকে গোয়েন্দা পুলিশ গ্রেফতার করেছে । তবে কোন মামলায় গ্রেফতার করেছে বা তাকে আদালত তোলা হয়েছে কিনা জানতে পারা যায়নি বলে তিনি জানান।